JAN. 14 '00

৭.৩ — ৪

### মানিকগঞ্জে সর্বত্র কোচিং সেন্টার

# ছাত্রছাত্রীরা প্রাইভেট শিক্ষক নির্ভর হয়ে পড়ছে

**মানিকগঞ্জ জেলা সংবাদদাতা ঃ** মানিকগঞ্জ জেলার সর্বত্র ব্যাঙের ছাতার মত কোচিং সেন্টার গজাচ্ছে। ফলে স্কুল-কলেজের ছাত্রছাত্রীরা প্রাইভেট শিক্ষক নির্ভর হয়ে পড়েছে। শহর এবং গ্রাম এলাকায় সর্বত্রই শুধু কোচিং সেন্টার। সরকারী কোন নিয়ম-নীতি না থাকাতে স্কুল-কলেজের শিক্ষকরা ক্লাস ফাঁকি দিয়ে শুধু প্রাইভেট পড়াতে ব্যস্ত। প্রাইভেট ফিও আকাশচুম্বী। শিক্ষকরা ক্লাসে এমনভাবে শিক্ষা দেন যাতে ছাত্ররা প্রাইভেট পড়তে বাধ্য হয়। বেশীরভাগ ছাত্রদের সকল বিষয়ে প্রাইভেট পড়তে হয়। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে এমনও দেখা গেছে যে, ছাত্র সংশ্লিষ্ট শিক্ষকের নিকট প্রাইভেট না পড়ার ফলে অপেক্ষাকৃত ভাল ছাত্রের চেয়ে কম নম্বর পেয়েছে। এসব কারণে ছাত্ররা প্রাইভেট পড়তে বাধ্য হয়। মধ্যবিত্ত এবং নিম্ন আয়ের মানুষের পক্ষে ছেলেমেয়েদের লেখাপড়া শেখানো দুষ্কর হয়ে পড়েছে। এসব অসুবিধার কারণে অনেক ভাল ছাত্রের প্রাইভেটের অর্থের অভাবে লেখাপড়া হচ্ছে না। ফলে আমাদের দেশের অনেক মেধা অঙ্কুরেই ঝরে যাচ্ছে। গ্রামাঞ্চলে শিক্ষকগণ প্রাইভেট পড়ানোর প্রতিযোগিতায় নামেন। কে কত বেশী প্রাইভেট পড়াতে পারে। ফলে ১০/২০ মিনিট প্রতি ব্যাচে প্রাইভেট পড়ানো হয়। সত্বর সরকারী নিয়ম-নীতির আওতায় এ অবস্থার সুরাহা না হলে শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়বে বলে অভিজ্ঞমহলের ধারণা।